



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@hbhfc.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠিত



২৫ আগস্ট ২০১৭ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের (বিএইচবিএফসি) প্রশিক্ষণ কেন্দ্রে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ সময় কর্পোরেশনের মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহর খানম, মোঃ আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হকসহ সকলস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের ৪৭ জন মেধাবী সন্তানকে পিএসসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য প্রসংশাপত্র, অর্থমূল্য এবং মূল্যবান বই প্রদান করা হয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা প্রধান অতিথি ও সভাপতির নিকট থেকে বৃত্তি এবং উপহার সামগ্রী গ্রহণ করে।